

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের বিবিধ জ্ঞাতব্য (مسائل متفرقة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১. পরিবহনে ছালাত (الصلاة في المركب)

পরিবহনে কিংবা ভীতিকর অবস্থায় ক্বিবলামুখী না হ'লেও চলবে।[1] অবশ্য পরিবহনে ক্বিবলামুখী হয়ে ছালাত শুরু করা বাঞ্ছনীয়।[2] যখন পরিবহনে রুক্-সিজদা করা অসুবিধা মনে হবে, তখন কেবল তাকবীর দিয়ে ও মাথার ইশারায় ছালাত আদায় করবে। সিজদার সময় মাথা রুক্র চেয়ে কিছুটা বেশী নীচু করবে।[3] যখন ক্বিবলা ঠিক করা অসম্ভব বিবেচিত হবে, কিংবা সন্দেহে পতিত হবে, তখন নিশ্চিত ধারণার ভিত্তিতে ক্বিবলার নিয়তে একদিকে ফিরে সামনে সুৎরা রেখে ছালাত আদায় করবে।[4] নৌকায় দাঁড়িয়ে ছালাত আদায় করবে, যদি ডুবে যাওয়ার ভয় না থাকে।[5] এ সময় বা অন্য যে কোন সময় কষ্টকর দাঁড়ানোর জন্য কিছুতে ঠেস দেওয়া যাবে। [6]

ফুটনোট

- [1] . বাকারাহ ২/২৩৮; মুত্তাফার্ক 'আলাইহ, ইরওয়া হা/৫৮৮; ইবনু মাজাহ হা/১০২০; নায়ল ২/২৪৯।
- [2] . আবুদাঊদ হা/১২২৪-২৮; নায়ল ২/২৯১ পৃঃ।
- [3] . আবুদাউদ হা/১২২৭; বায়হাকী, আহমাদ, তিরমিযী, ছিফাত ৫৫-৫৬ পৃঃ।
- [4] . দারাকুৎনী, হাকেম, বায়হাকী, তিরমিযী, ইবনু মাজাহ, ইরওয়া হা/২৯**১**।
- [5] . বাযযার, দারাকুৎনী, হাকেম, ছিফাত, পৃঃ ৫৯; ছহীহুল জামে হা/৩৭৭৭; নায়ল ৪/১১২।
- [6] . আবুদাঊদ, হাকেম, সিলসিলা ছহীহাহ হা/৩১৯; ইরওয়া হা/৩৮৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9219

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন